গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**www.mos.gov.bd**

বিষয়: **Regional Co-operation Agreement on Combating Piracy and Armed Robbery against Ship in Asia (ReCAAP) সদস্য রাষ্ট্রসমূহের Maritime Law Enforcing and Regulatory কর্মকর্তা/ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে আগামী ২৪-২৭ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ReCAAP ISC এর উদ্যোগে এবং নৌপরিবহন অধিদপ্তরের সার্বিক সহযোগিতা ও তত্ত্বাবধানে Capacity Building Workshop আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৪ আগস্ট, ২০২৩ |
| সময় | : | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ |

সভাকক্ষে উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি সভাকক্ষে ও ভার্চুয়াল প্লাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি ReCapp ISA Capacity building workshop উপলক্ষ্যে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রস্তুতিমূলক কর্মসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমেদ, সিএনএস (চঃ দাঃ), নৌপরিবহন অধিদপ্তর সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন।

২। সভাপতি সভায় বলেন, Regional Co-operation Agreement on Combating Piracy and Armed Robbery against Ship in Asia (ReCAAP) মোট ২১টি সদস্য রাষ্ট্রসমূহের Maritime Law Enforcing and Regulatory কর্মকর্তা/ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে আগামী ২৪-২৭ অক্টোবর, ২০২৩ তারিখে ReCAAP ISC এর উদ্যোগে এবং নৌপরিবহন অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় Capacity Building Workshop অনুষ্ঠিত হবে। উক্ত Workshop টি সফল এবং যথাযথ মান নিশ্চিত করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি আসন্ন Workshop এর সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য ফোকালপয়েন্ট এর নাম, পদবী, মোবাইল নাম্বার, টেলিফোন নাম্বার, ইমেইল ঠিকানাসহ যাবতীয় প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য অনুরোধ করেন। সভাপতি Workshop এ অংশগ্রহণকারীদের হোটেলে অবস্থানের বিস্তারিত তথ্য অবহিত থাকার বিষয়ে নিশ্চিত করা সহ অংশগ্রহণকরীদের জন্য বিমান বন্দরে আলাদা করে অভ্যর্থনার ব্যবস্থা রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন।

৩। সভাপতি জানান, উক্ত Workshop এ বিভিন্ন মিডিয়াগুলোতে প্রচার-প্রচারণার জন্য নৌপরিবহন অধিদপ্তর হতে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে চিঠি দেওয়া প্রয়োজন। সভাপতি সভায় বলেন, Workshop চলাকালীন সময়ে ব্যবস্থাপনা কাজে দায়িত্বপ্রাপ্তগণের নাম, পদবী, যোগাযোগের নাম্বারসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত ওয়ার্কিং বুকলেট প্রস্তুত করতে হবে এবং Workshop এ আগত বিদেশি অতিথিদের জন্য আমাদের স্থানীয় ঐতিহাসিক স্থান পরিদর্শণ, বঙ্গবন্ধু জাদুঘর, সামরিক জাদুঘর ইত্যাদি পরিদর্শণের ব্যবস্থা করতে হবে। সভাপতি Workshop এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি কে হবেন তা নির্ধারণ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন।

৪। সভায় নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর মোহাম্মদ মাকসুদ আলম সভাপতির অনুমতিক্রমে Workshop এর অনুষ্ঠানসূচি বর্ণনা করেন। তিনি সভায় জানান, Regional Co-operation Agreement on Combating Piracy and Armed Robbery against Ship in Asia (ReCAAP) এর বাংলাদেশের ভাইস প্রেসিডেন্ট অতিরিক্ত সচিব (প্রশাসন) দেলোয়ারা বেগম। তিনি আরও বলেন, Workshop এর সকল কর্মসূচি তুলে ধরেন। তিনি জানান Workshop এর সকল প্রোগ্রাম চূড়ান্তকরণ করা হলে সংশ্লিষ্ট সকলকে তা যথাযথভাবে অবগত করা হবে।

চলমান পাতা-২

৫। নৌপরিবহন অধিদপ্তরের চীফ নটিকেল সার্ভেয়ার (চঃ দাঃ) ও অনুষ্ঠিতব্য Workshop এর ফোকাল পয়েন্ট ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমেদ জানান, Workshop এ আগত সকল বিদেশি অতিথিদের আমন্ত্রণপত্র ReCAAP হতে প্রেরণ করা হবে। আগত বিদেশী অতিথিবৃন্দ সকলেই ২৪ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশে আগমন করবেন এবং ২৭ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে বাংলাদেশ ত্যাগ করবেন। Workshop কর্মসূচির অংশ হিসেবে আগত বিদেশী অতিথিদের পদ্মা সেতু ভ্রমণের সুযোগ রাখা হয়েছে।

৬। সভায় বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর ব্যবস্থাপনা পরিচালক কমডোর মোঃ জিয়াউল হক বলেন, Bangladesh Ocean Going Ship Owners Association (BOGSOA), বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন এর প্রতিনিধিগণকে উক্ত Workshop এ বক্তব্য প্রদানের সুযোগ রাখা উচিত। সেইসাথে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে Workshop এ অন্তর্ভুক্ত করা উচিত।

৭। সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ সোহায়েল জানান ReCAAP এর বিভিন্ন কার্যক্রমের সাথে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত থাকলেও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে ReCAAP এর তেমন গুরুত্বপূর্ণ কোন দায়িত্বে রাখা হয়নি। তিনি ReCAAP এর বিভিন্ন গুরুত্বপূর্ণ ও প্রযোজ্য ক্ষেত্রে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন।

৮। সভায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি কমান্ডার আহমদ আল করিম, পরিচালক (মেরিটাইম এফেয়ার্স ইউনিট) জানান, উক্ত Workshop সফল করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ হতে সবধরনের সহযোগিতা করা হবে।

৯। এছাড়াও তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মোহাম্মদ আজিজুল হক, উপসচিব, বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি কমান্ডার এম মাজহারুল ইসলাম, উপপরিচালক (অপারেশন), নৌসদর দপ্তর এর প্রতিনিধি কমান্ডার রাজীন ইবনে ওয়াহিদ, জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত ডিআইজি, নৌপুলিশ, জনাব আলী হায়দার চৌধুরী, এআইজি, বাংলাদেশ পুলিশ, জনাব খন্দকার ওয়াছিউর রহমান, অতিরিক্ত পরিচালক, এনএসআই সভায় জানান, উক্ত Workshop সফল করার জন্য তাদের প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। **সিদ্ধান্ত:**

সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

১০.১। Workshop এ আগত বিদেশী অতিথিদের জন্য ReCAAP কর্তৃক আমন্ত্রণপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে।

১০.২। Workshop এ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করতে হবে।

১০.৩। Workshop এ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও বাংলাদেশ শিপিং কর্পোরেশনকে অন্তর্ভুক্ত করতে হবে।

১০.৪। Workshop এ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে অন্তর্ভুক্ত করতে হবে।

১০.৫। Workshop এর প্রচার-প্রচারণার নিমিত্ত নৌপরিবহন অধিদপ্তর হতে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করবে।

১০.৬। যথাশীঘ্র সম্ভব Workshop এর ভ্যেনু নির্বাচন করে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে।

১০.৭। Workshop এর ফোকালপয়েন্ট এর নাম, পদবী, মোবাইল, ইমেইল ও যোগাযোগের ঠিকানাসহ যাবতীয় তথ্যাদি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।

১০.৮। Workshop এ আগত বিদেশী অতিথিদের জন্য বিমান বন্দরে গাড়ির ব্যবস্থাকরণ, তাদের জন্য অভ্যর্থনা, ও স্যুভেনির ইত্যাদির প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

১০.৯। যথাশীঘ্রই Workshop এর প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য অতিথিদের তালিকা প্রস্তুত করতে হবে।

১০.১০। Workshop এ আগত বিদেশী অতিথিদের পদ্মাসেতু সংলগ্ন মাওয়া ঘাটে একটি Session রাখতে হবে, সেই সাথে পদ্মাসেতু পরিদর্শণের সাথে সাথে বঙ্গবন্ধু জাদুঘর, সামরিক জাদুঘর পরিদর্শণ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০.১১। সকল প্রস্তুতি গ্রহণ শেষে নৌপরিবহন মন্ত্রণালয়ে একটি চূড়ান্ত সভা অনুষ্ঠিত হবে।

১১। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৬/০৮/২০২৩
মোঃ মোস্তফা কামাল
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

চলমান পাতা-৩

নং- ১৮.০০.০০০০.০২৪.২৫.০০৩.১৭ (অংশ-১)- ৯৩৬

তারিখ: ০১ ভাদ্র, ১৪৩০ / ১৬ আগস্ট, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৪) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
৫) ইন্সপেক্টর জেনারেল , পুলিশ হেডকোয়ার্টার্স
৬) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের সচিবালয়, বাংলাদেশ কোস্ট গার্ড
৭) মহাপরিচালক, ডি.জি.এফ.আই, ঢাকা।
৮) মহাপরিচালক, এন.এস. আই, ঢাকা
৯) প্রিন্সিপাল স্টাফ অফিসার, আমর্ড ফোর্সেস ডিভিশন, ঢাকা
১০) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
১১) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
১২) চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ
১৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১৪) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
১৫) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ নৌপুলিশ, ঢাকা।
১৬) পরিচালক, নেভাল অপারেসন্স (অপস), নৌবাহিনীর সদর দপ্তর, বনানী, ঢাকা।
১৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৯) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০) অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(সৈয়দ আলী আহসান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
মেইল: ds.ship@mos.gov.bd